

উদাহরণ-২

ধরা যাক, উদাহরণ-১ এ বর্ণিত করদাতা জনাব নিলয় জলদাশ একটি সরকারী একাডেমিতে ক্লাস নিয়ে লেকচার প্রদান বাবদ ২০,০০০ টাকা, বিভিন্ন সভায় অংশগ্রহণ বাবদ ২৫,০০০ টাকা, বিদেশ ভ্রমণ হতে ২,৫০,০০০ টাকা প্রদর্শন করেছেন। উক্ত আয় সমূহ যেহেতু জনাব নিলয় জলদাশের জন্য প্রযোজ্য সরকারি বেতন আদেশভুক্ত নয়, তাই এ সকল আয় করমুক্ত প্রাপ্তি/সুবিধা বলে গণ্য হবে না। অর্থাৎ এ সকল আয় করযোগ্য হবে।

উদাহরণ-৩

উদাহরণ-১ এ উল্লিখিত আয় ও বিনিয়োগ যদি কোন প্রতিবন্ধী কর্মচারীর থাকে, তবে তার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা হবে ৪,৫০,০০০ টাকা। ফলে ২০২১-২০২২ কর বছরে তার মোট আয় এবং করদায়ের পরিমাণ হবে নিম্নরূপ:

মূল বেতন (৫৬,৫০০ x ১২ মাস)	৬,৭৮,০০০/-
উৎসব ভাতা (৫৬,৫০০ x ২)	১,১৩,০০০/-
চিকিৎসা ভাতা (১,৫০০ x ১২) =	১৮,০০০/-
(সমুদয় অংক ব্যয়ের কারণে করমুক্ত)	
বাংলা নববর্ষ ভাতা ১১,৩০০/- করমুক্ত	
মোট আয়	৯,৯৯,০০০/-

কর দায় পরিগণনা

প্রথম ৪,৫০,০০০ টাকা পর্যন্ত 'শূন্য' হার	০/-
পরবর্তী ১,০০,০০০ টাকার উপর ৫%	৫,০০০/-
অবশিষ্ট ২,৪৯,০০০ টাকার উপর ১০%	২৪,৯০০/-মোট
আয়ের উপর আয়কর	২৯,৯০০/-
বিনিয়োগ জনিত আয়কর রেয়াত: পূর্ববর্তী উদাহরণ অনুসারে	২৯,৬৬৩/-
পার্থক্য	(৫৬৩/-)

করদাতার নীট প্রদেয় কর (পরিশোধযোগ্য অংক) = ৫,০০০/-

করদাতার কর্মস্থল বাংলাদেশ সচিবালয় এর অবস্থান ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় হওয়ায় তার জন্য সর্বনিম্ন প্রদেয় করের পরিমাণ ৫,০০০ টাকা। করদাতা যদি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বা চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থান করেন তবে তার জন্যও সর্বনিম্ন প্রদেয় করের পরিমাণ হবে ৫,০০০ টাকা। অন্যান্য সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সর্বনিম্ন

প্রদেয় করের পরিমাণ ৪,০০০ টাকা এবং সিটি কর্পোরেশন ব্যতীত অন্য এলাকার ক্ষেত্রে সর্বনিম্ন প্রদেয় করের পরিমাণ ৩,০০০ টাকা।

২। নিরাপত্তা জামানতের উপর সুদ (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২২ অনুযায়ী)

সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড বা সিকিউরিটিজ (যেমন টিএন্ডটি বন্ড, ন্যাশনাল ইনভেস্টমেন্ট বন্ড, ট্রেজারী বন্ড/বিল, ইত্যাদি), ডিবেঞ্চার হতে অর্জিত সুদ এবং জাতীয় সঞ্চয় পরিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সেভিংস ইন্সট্রুমেন্টসের সুদ এ খাতের আয় হিসেবে রিটার্নে দেখাতে হবে। সাধারণভাবে, সিকিউরিটিজ বা ডিবেঞ্চার কেনার জন্য ব্যাংক থেকে ঋণ নেয়া হলে ঋণের সুদ সিকিউরিটিজ হতে অর্জিত সুদ আয় থেকে খরচ হিসেবে বাদ দেয়া যাবে। তবে ৪২C ধারার আওতাধীন কোন সেভিংস ইন্সট্রুমেন্টসের সুদের ক্ষেত্রে খরচ বাদ যাবে না। ২০২১-২০২২ কর বছরে যে কোন ধরনের সঞ্চয়পত্রের অর্জিত সুদের উপর উৎসে কর্তিত কর উক্ত খাতের বিপরীতে চূড়ান্ত করদায়ের বৈশিষ্ট্যসম্পন্ন ন্যূনতম করদায় (minimum tax) পরিশোধ হিসেবে গণ্য হবে।

৩। গৃহ-সম্পত্তি আয় (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২৪ অনুযায়ী)

কোন করদাতা তার বাড়ী আবাসিক বা বাণিজ্যিক ব্যবহারের জন্য ভাড়া দিলে, সে আয় রিটার্নের গৃহ-সম্পত্তির আয়ের ঘরে দেখাতে হবে। গৃহ-সম্পত্তির করযোগ্য আয় নিরূপনের জন্য পৃথক তফসিল রয়েছে। আয়কর বিধিমালা, ১৯৮৪ সংশোধনের মাধ্যমে ২০১৬-১৭ কর বছরে নতুন রিটার্ন ফরমের সাথে নতুন তফসিল ২৪বি প্রবর্তন করা হয়েছে। উল্লিখিত নতুন রিটার্ন ফরমের ক্রমিক নং-২৬ এ গৃহ-সম্পত্তি খাতে করযোগ্য আয় নির্ণয়ের জন্য তফসিল ২৪বি পূরণপূর্বক মূল রিটার্নের সাথে সংযুক্ত করতে হবে। এই তফসিল পূরণের নিয়ম নীচে দেয়া হলো:

তফসিল-২৪ বি

গৃহ সম্পত্তির আয়ের বিবরণীসমূহ

০১	কর বৎসর ২০২১-২০২২	০২	টিআইএন: করদাতার টিআইএন লিখতে হবে
----	-------------------	----	-------------------------------------

প্রত্যেক গৃহ সম্পত্তির জন্য

০৩	গৃহ-সম্পত্তির বিবরণ		
	০৩ক	গৃহ-সম্পত্তির ঠিকানা উল্লেখ করতে হবে	০৩খ